# উপজেলা পরিষদ

দোহার, ঢাকা।

ভাইস চেয়ারম্যান এর কার্যালয়।

## উপজেলা স্টান্ডিং কমিটির সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নভেম্বর/২১ মাসের উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক স্টান্ডিং কমিটির সভা আগামী ০৯/১১/২০২১খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১০:০০ ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাকক্ষে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

প্রয়োজনীয় কাগজপত্র সহ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অকনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(ছালেহা বেগম)
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি
ও
উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত)
দোহার, ঢাকা।

সভার আলোচ্যসূচিঃ

১। বিগত সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ

২। বিগত সভার গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

৩। বিবিধ

সদয় অবগতির জন্যঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার, ঢাকা।

২। উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা।

স্মারক সংখ্যাঃ উজেপ/ভাঃচেঃ/দোহার/ঢাকা/২০২১- তারিখঃ ০৩/১১/২০২১খ্রিঃ

বিতরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জৈষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১ জনাব, সুজাহার বেপারী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার, ঢাকা, সভাপতি।

০২ জনাব, সুরুজ বেপারী, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, সুতারপাড়া ইউ.পি., সদস্য।

০৩ জনাব, আশরাফ দেওয়ান, সেক্রেটারী, মাহমুদপুর ইউপি আওয়ামীলীগ. সদস্য।

০৪ জনাব, মোঃ শওকত বিশ্বাস, প্যানেল চেয়ারম্যান, সুতারপাড়া ইউপি. সদস্য।

০৫ জনাব, মিনি আক্তার, গণ্যমাণ্য ব্যক্তি, সদস্য।

০৬ জনাব, মোঃ আজম খান, গণ্যমাণ্য ব্যক্তি, সদস্য।

০৭ জনাব, ছালেহা বেগম, উপজেলা আনসার ভিডিপি অফিসার, সদস্য সচিব।

(ছালেহা বেগম)
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি
ও
উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত)
দোহার, ঢাকা।

# উপজেলা পরিষদ

দোহার, ঢাকা।

## উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটির নভেম্বর-২১ মাসের সভার কার্যবিবরনীঃ-

সভাপতি ঃ জনাব সুজাহার বেপারী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার, ঢাকা।

| সভার স্থান | তারিখ | সময় |
|---|---|---|
| উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয় | ০৯/১১/২০২১খ্রিঃ | ১০:০০ঘটিকায় |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। সভাপতির অনুমতি সাপেক্ষে সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত কার্যবিবরণী সম্পর্কে কারো কোন আপত্তি না থাকায় সর্ব সম্মতিক্রমে তাহা গৃহিত হয়। সভাপতি সভায় বিস্তারিত আলোচনার জন্য সদস্য-সচিব জনাব ছালেহা বেগম, উপজেলা আনসার ভিডিপি অফিসার, দোহার, ঢাকা কে অনুরোধ জানান।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সভায় সদস্য সচিব জানান যে, দোহার উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তিনি জানান বর্তমানে দোহারের মূল বিষয় হচ্ছে ইউপি নির্বাচন। তিনি নির্দিষ্ট কোন অভিযোগ অথবা তথ্য থাকলে তা সরবরাহ করার জন্য সভার সকল সদস্যদের প্রতি অনুরোধ জানান। তিনি জানান কেউই বেআইনী পন্থা অবলম্বন করে পার পাবেনা। | *আইন শৃংখলা রক্ষায় জিরো টলারেন্স ভূমিকা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।* | |
| ২ | দোহার উপজেলায় ইভটিজিংয়ের মাত্রা কমছে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ জানান এবং যাতে করে ইভটিজিং এর মাত্রা বৃদ্ধি পেতে না পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইভটিজিং এর এর বিষয়ে কারও কাছে কোন তথ্য থাকলে তা থানায় অথবা উপজেলা নিবাহী কমকর্তাকে প্রদান করার জন্য সভায় অনুরোধ করা হয়। | *এর মাত্রা শূন্যের কোঠায় নামিয়ে আনার বিষয়ে সকলে আন্তরিক হবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* কোন ইভটিজিংকারী ধরা পরলে তাকে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে শাস্তি প্রদান করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩ | ক। বাজারে যাতে করে জিনিস পত্রের দাম বৃদ্ধি না পায় এবং দ্রব্য মূল্য যাতে করে সাধারন মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে থাকে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া প্রতিটি সভায় যে সকল বাজার কমিটির সদস্য উপজেলা আইন শৃংঙ্খলা কমিটির সদস্য তাদেরকে সভায় অবশ্যই উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়।<br>খ। সভার সদস্য , জানান যে দোহারের বিভিন্ন বাজারে চালের বস্তাতে চালের পরিমান কম দেয়া হয়। এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষন করেন।<br>গ। আরো জানান যে, দ্রব্য মূল্যের চার্ট টানানোর বিষয়ে নোটিশ প্রদান করা হলেও তার বিষয়ে বাজারে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। | ** প্রয়োজনে দ্রব্য মূল্য স্বাভাবিক রাখতে মোবাইকোর্ট পরিচালনা করা হবে। এ বিষয়ে ভোক্তা অধিকার আইন প্রয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।*<br>** প্রত্যেক বাজারে দ্রব্য মূল্য চার্ট টানানোর অগ্রগতী সম্পর্কে জানাতে বাজার কমিটিকে তাগিদপত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।*<br>** চালের পরিমান কম থাকার বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে তা দেয়ার জন্য অনুরোধ করা হয়। অভিযোগের প্রেক্ষিতে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।* | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সুজাহার বেপারী)
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোহার, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার, ঢাকা।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দোহার, ঢাকা।
৩। অফিসার ইন-চার্জ, দোহার থানা, দোহার, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত চেয়ারম্যান, সুতারপাড়া ইউপি, দোহার,
৫। জনাব, .........................................................................
৬। জনাব ছালেহা বেগম,আনসার ভিডিপি অফিসার,সদস্য সচিব।

# উপজেলা পরিষদ

দোহার, ঢাকা।

## উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটির নভেম্বর/২১ মাসের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের স্বাক্ষরিত তালিকাঃ-

(উপস্থিতি)

| ক্র:নং | নাম ও পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|
| ০১ | জনাব, সুজাহার বেপারী ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার, ঢাকা, সভাপতি। | |
| ০২ | জনাব ,সুরুজ বেপারী, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, সুতারপাড়া ইউপি, দোহার, সদস্য। | |
| ০৩ | জনাব আশরাফ দেওয়ান, সাবেক সেক্রেটারী মাহমুদপুর ইউপি আওয়ামীলীগ, সদস্য। | |
| ০৪ | জনাব, মোঃ শওকত বিশ্বাস, প্যানেল চেয়ারম্যান, সুতারপাড়া ইউপি, সদস্য। | |
| ০৫ | জনাব, মিনি আক্তার, গণ্যমাণ্য ব্যক্তি, সদস্য। | |
| ০৬ | জনাব, মোঃ আজম খান, গণ্যমাণ্য ব্যক্তি, সদস্য। | |
| ০৭ | জনাব, ছালেহা বেগম, উপজেলা আনসার ভিডিপি অফিসার, সদস্য সচিব। | |